

১১/০৯/২০২২ খ্রি: তারিখে বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট এর সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি: মুনাল কান্তি বিশ্বাস বিভাগীয় যুগ্ম-নিবন্ধক ও আহবায়ক।	স্থান: বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষ। তারিখ: ১১/০৯/২০২২ খ্রি:। সময়: সকাল ১০.০০ ঘটিকা, উপস্থিতি: (পরিশিষ্ট- ক)
---	---

অদ্য ১১/০৯/২০২২ খ্রি: বুধবার সকাল ১০.০০ ঘটিকায় বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, এর সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভাপতি জনাব মুনাল কান্তি বিশ্বাস, যুগ্ম-নিবন্ধক ও আহবায়ক, সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, সিলেট বিভাগ, সিলেট এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আওতাধীন দপ্তরের কর্মকর্তা/কর্মচারি ও কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন।	কার্যক্রম [১.১] সেবা প্রদান প্রতিশ্রুতির পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অনুযায়ী  ক) এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি নাগরিক সেবা ও অভ্যন্তরীণ সেবা সমূহ জুলাই/২২ - সেপ্টেম্বর/২২ ভিত্তিতে কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সংগ্রহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। খ) জেলা কার্যালয়সমূহের ত্রৈমাসিক ভিত্তিতে কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও পরিবীক্ষণ এ কার্যালয়ে দাখিলের বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	ক) জুলাই/২২ - সেপ্টেম্বর/২২ প্রান্তিকের ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) জেলা কার্যালয়সমূহ হতে আগামী ৩০/০৯/২০২২খ্রি: তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি।
০২	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করণ	ক) কার্যক্রম [১.৪.১] অনুযায়ী বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণের জন্য বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। খ) জেলা কার্যালয়সমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রিপরিষদ বিভাগের ছক মোতাবেক হালনাগাদকরণ এবং বিলবোর্ড আকারে নাগরিক সেবা অংশ উন্মুক্ত স্থানে টাঙ্গানোর বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।	ক) এ কার্যালয়ের ওয়েবসাইট ইতোমধ্যে হালনাগাদ করা হয়েছে এবং আগামী ৩০/০৯/২০২২ খ্রি: তারিখের মধ্যে জেলা কার্যালয় সমূহ হালনাগাদ করা হবে। খ) জেলা কার্যালয় সমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে স্ব-স্ব ওয়েবসাইটে এবং বিলবোর্ড টাঙ্গিয়ে রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি।